03 SEP 2016

তারিখ ... 03 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# জঙ্গিবাদবিরোধী সভা আজ ৪০ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে

**যুগান্তর রিপোর্ট**

দেশের প্রায় ৪০ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে আজ একযোগে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভা অনুষ্ঠিত হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে এ সভার আয়োজন করা হয়েছে। এ সংক্রান্ত মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে, সভায় জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সচেতনতা সৃষ্টি ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করতে হবে। একই সঙ্গে নিয়মিতভাবে সাংস্কৃতিক অনুষ্ঠান-ক্রীড়ানুষ্ঠান আয়োজন, স্কাউটিং ও গার্ল গাইডস কার্যক্রম বৃদ্ধি করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষাবান্ধব পরিবেশ তৈরির বিষয়েও আলোচনায় আলোকপাত করতে হবে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভিসি, অধ্যক্ষ ও প্রধান শিক্ষকরা জানিয়েছেন, এসব সভায় সব শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের উপস্থিত থাকতে হবে। এছাড়া সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি, কমিউনিটি নেতা, ইমাম এবং গণমাধ্যাম প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিতে মন্ত্রণালয়ের নির্দেশনা আছে। জানা গেছে, মন্ত্রণালয়ের পক্ষে জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে এই সভা আয়োজনের বিষয়ে কাজ করছেন। সব ধরনের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজে আয়োজন নিশ্চিতে কাজ করছে ইউজিসি।